



161816 - ব্যবসায়িক পণ্যের বর্ষ কভাবে হিসাব করা হবে; যদি ক্রেতা নগদ অর্থে সেগুলো খরিদ করে থাকেন?

প্রশ্ন

আমার কাছে যাকাতের নসিাবের চয়ে বেশি অর্থ থাকলেও সটোর বর্ষপূর্তি হয়নি। এর মধ্যে আমি এই অর্থ দিয়ে একটি ব্যবসায়িক দোকান খুলছি। আমার উপর এতে কি যাকাত ফরয? যদি জিবাব হ্যাঁ হয়; তাহলে পদ্ধতিটি কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

যদি কারো সম্পদ নসিাব পরিমাণে পৌঁছে; কিন্তু এর বর্ষপূর্তি না হয়; এরপর এ অর্থ দিয়ে ব্যবসায়িক সামগ্রী ক্রয় করা হয় এবং এ সম্পদে বর্ষপূর্তি হয় তাহলে এতে যাকাত ফরয হবে। আর এক্ষেত্রে ব্যবসায়িক সামগ্রী ক্রয়ের সময় থেকে নতুন বর্ষ গণনা করা হবে না; বরং যাই নগদ অর্থ দিয়ে ব্যবসায়িক সামগ্রী ক্রয় করা হয়েছে সেই নগদ অর্থের বছর পূর্ণ হতে যটুকু সময় বাকী আছে গণনায় সটো পূর্ণ করা হবে।

ইমাম নববী বলেন:

“যদি সটো (ব্যবসায়িক সামগ্রী)-র মালিক হয় নসিাব পরিমাণ নগদ অর্থে মাধ্যমে; তাহলে এর বর্ষপূর্তি হবে নগদ অর্থে মালিক হওয়ার সময় থেকে...” [আল-মনিহাজ মাআ’ হাশিয়া ‘মুগনলি মুহতাজ’ (২/১০৭) থেকে সমাপ্ত]

বুহুতী (রহঃ) বলেন:

“যদি বছরে কোন এক সময় নসিাব কমে যায় কিংবা নসিাবের সম্পদকে যদি অন্য কোন প্রকারে সম্পদ দিয়ে বিক্রি করে দেয়; তাহলে বর্ষের হিসাবে বর্ষে ঘটেবে। তবে যদি ব্যবসায়িক সামগ্রীকে মুদ্রা (স্বর্ণ, রৌপ্য বা নগদ অর্থ) দিয়ে পরিবর্তন করে কিংবা ব্যবসায়িক সামগ্রী দিয়ে পরিবর্তন করে; তাহলে এই পরিবর্তনের মাধ্যমে বর্ষের হিসাবে বর্ষে ঘটেবে না। কেননা (নসিাব গণনার ক্ষেত্রে) এগুলোর একটিকে অপরটির সাথে মেলানো হয় বধিায় এগুলো সব এক জাতের বধিানভুক্ত।” [কাশশাফুল ক্বনি (২/১৭৮) থেকে সংক্ষেপে ও সমাপ্ত]



দুই:

আর ব্যবসায়িক সামগ্রীর যাকাত দায়ের পদ্ধতি হলো: বছর শেষে আপনার কাছে যে সব পণ্য আছে সকল সামগ্রীর মূল্য সহৈ দিনে বাজারে বিক্রি দরে নির্ধারণ করে শতকরা ২.৫ হারে যাকাত পরিশোধ করা।